

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৬৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ বাতিলপন্থীরা যে হাদীসের সঠিক মর্মার্থ বুঝতে না পেরে মুহাদ্দিসগণের নিন্দা করে থাকে

ذِكْرُ خَبَرٍ شَنَّع بِهِ بَعْضُ الْمُعَطِّلَةِ عَلَى أَهْلِ الْحَدِيثِ حَيْثُ حُرِمُوا تَوْفِيقَ الْإِصابَةِ لِمَعْنَاهُ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ حَدَّتَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ حَمَّادٍ وَهُدْبَةُ بْنُ خَالِدٍ قَالَا: عَنْ أَنسٍ: أَنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ مَتَى تَقُومُ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ أَنسٍ: أَنَّ رَجُلًا قَالَ: يَا رَسُولَ اللَّهِ مَلَي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاتَهُ السَّاعَةُ؟ _ وَأُقِيمَتِ الصَّلَاةُ _ فَلَمَّا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاتَهُ قَالَ: (إَيْهَا قَائِمَةٌ فَمَا قَالَ: (أَيْنَ السَّائِلُ عَنِ السَّاعَةِ؟) قَالَ: هَا أَنَا ذَا يَا رَسُولَ اللَّهِ قَالَ: (إِنَّهَا قَائِمَةٌ فَمَا قَالَ: (أَيْنَ السَّائِلُ عَنِ السَّاعَةِ؟) قَالَ: هَا أَنَا ذَا يَا رَسُولَ اللَّهِ قَالَ: (إِنَّهَا قَائِمَةٌ فَمَا أَعْدَدْتُ لَهَا كَبِيرَ عَمَلٍ غَيْرَ أَنِّي أُحِبُّ اللَّهَ وَرَسُولَهُ فَقَالَ النَّبِيُّ عَنَ اللهُ عَلَيه وَسَلَّمَ: (أَنْتَ مَعَ مَنْ أَحْبَبْتَ) قَالَ: وَعِنْدَهُ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ يُقَالُ لَهُ مُحَمَّدٌ فَقَالَ: (إِنْ يَعِشْ هَذَا فَلَا يُدْرِكُهُ الْهَرَمُ حَتَّى تَقُومَ السَّاعَةُ.)

زَادَ هُدْبَةُ: قَالَ أَنسُ: فَنَحْنُ نحب الله ورسوله.

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 566 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৬৬. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললেন: "হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কিয়ামত কখন সংঘটিত হবে?" এসময় সালাতের ইকামত দেওয়া হয়েছিল- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাত শেষ করলেন তখন বলেন: "কিয়ামত সম্পর্কে প্রশ্নকারী কোথায়?" তখন সেই ব্যক্তি বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি এখানেই আছি।"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "জেনে রাখো, কিয়ামত সংঘটিত হবেই। কিন্তু তুমি কিয়ামতের জন্য কী প্রস্তুতি নিয়েছো?" তিনি বলেন: "আমি কিয়ামতের জন্য খুব বেশি আমল প্রস্তুত করতে পারিনি, তবে আমি আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ভালবাসি।" রাসূল



সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি যাকে ভালবাসো, কিয়ামতের দিন তুমি তার সাথেই থাকবে।" রাবী বলেন: "এসময় তাঁর কাছে একজন আনসারী সাহাবী ছিলেন, তাঁর নাম মুহাম্মাদ। অতঃপর তিনি বলেন: "যদি এই ব্যক্তি বেঁচে থাকেন, তবে তিনি বৃদ্ধ হওয়ার আগেই কিয়ামত সংঘটিত হয়ে যাবে।"

হুদবা আরেকটু বেশি বর্ণনা করেছেন, আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "আমরা আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ভালবাসি।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ: هَذَا الْخَبَرُ مِنَ الْأَلْفَاظِ الَّتِي أُطْلِقَتْ بِتَعْيِينِ خِطَابِ مُرَادُهُ التَّحْذِيرُ وَذَاكَ أَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرَادَ تَحْذِيرَ النَّاسِ عَنِ الرُّكُونِ إِلَى هَذِهِ الدُّنْيَا بِتَعْرِيفِهِمُ الشَّيْءَ الَّذِي يَكُونُ بِخَلَدِهِمْ تَقَبُّلُ حَقِيقَتِهِ مِنْ قُرُب السَّاعَةِ عَلَيْهِمْ دُونَ اعْتِمَادهِمْ عَلَى ما يسمعون.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "হাদীসে সম্বোধনের ক্ষেত্রে এমন কিছু শব্দ ব্যবহার করা হয়েছে, যার দ্বারা উদ্দেশ্য হলো সতর্কীকরণ। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুনিয়ার প্রতি মানুষের ঝুঁকে যাওয়ার ব্যাপারে সতর্ক করেছেন। তিনি তাদের সামনে এমন জিনিসের পরিচয় করিয়ে দিয়েছেন, যা তাদের চিরস্থায়ী বাসস্থান হবে। কাজেই এটি এই বাস্তবতাকে কবুল করে যে, কিয়ামত তাদের অতি নিকটে। এক্ষেত্রে তারা যেন সচরাচর শোনা কথার উপর নির্ভর না করেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৫৯; সহীহ মুসলিম: ২৯৫৩; সহীহ আল বুখারী: ৬৫১১।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ; ৩২৫৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন